দৈনিক সংবাদ

তারিখ 03 SEP 1993
পৃষ্ঠা ৩ কলাম ৭

৪

20

নগরীর কলেজ

# সাধারণ ছাত্রছাত্রীরা যেসব কলেজে ভর্তি হতে পারবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

গত ১৩ই আগস্ট এই পাতায় আমরা নগরীর কলেজে ভর্তি এবং ভর্তির সমস্যার কথা তুলে ধরেছিলাম। সেখানে উল্লেখ করা হয়েছিল নগরীর সেসব কলেজের কথা, যেগুলোয় এবারের এসএসসি'তে খুব ভালভাবে পাস করেছে (ন্যূনতম ১ম বিভাগ), এমন ছাত্রছাত্রীরাই শুধু ভর্তি হতে পারছে। এবার উল্লেখ করা হলো আরো কিছু কলেজের নাম, যেগুলোয় ২য় বিভাগ, কোন কোন ক্ষেত্রে ৩য় বিভাগপ্রাপ্ত ছাত্রছাত্রীরাও ভর্তি হওয়ার সুযোগ পাবে।

**খিলগাঁও মডেল কলেজ :** খিলগাঁও চৌরাস্তা। কলেজের অফিস থেকে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের ভর্তির ফরম প্রতিদিন সকাল ৮টা থেকে বেলা সাড়ে ৩টা পর্যন্ত সংগ্রহ করা যাবে। নির্দিষ্ট যোগ্যতা চাওয়া হয়নি। কলেজে প্রভাতি শাখায় ক্লাস হয় সকাল সাড়ে ৭টা থেকে সাড়ে ১১টা। দিবা শাখার বেলা ১২টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত। ফোন: ৪০৪৩১৬।

**ঢাকা উইমেন কলেজ :** উত্তরা মডেল টাউনে অবস্থিত এই কলেজে মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান শাখায় ছাত্রী ভর্তি চলছে। ভর্তির জন্যে নির্ধারিত কোন যোগ্যতা চাওয়া হয়নি। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত কলেজের অফিস থেকে ফরম সংগ্রহ করা যাবে।

**মেট্রোপলিস কলেজ :** আজিমপুরে অবস্থিত ওই মহিলা ডিগ্রী কলেজ থেকেও ভর্তির জন্যে নির্দিষ্ট কোন যোগ্যতা চাওয়া হয়নি। ভর্তি চলছে মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে।

**শেখ বোরহানউদ্দিন কলেজ:** ৬২, নাজিমুদ্দীন রোড। কলেজের প্রভাতী শাখা শুধু ছাত্রীদের জন্যে। প্রভাতী, দিবা ও নৈশ শাখায় ভর্তির ফরম দেয়া হচ্ছে। ফরম পাওয়া যাচ্ছে প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৮টা পর্যন্ত। ২৪৬৬০৬ ও ২৪৬৫৯৫ নম্বরে ফোন করে বিস্তারিত তথ্য জানা যেতেপারে।

**আরামবাগ গার্লস হাইস্কুল ও কলেজ :** মানবিক ও বিজ্ঞান শাখায় ভর্তির ফরম দেয়া হচ্ছে। ভর্তির জন্যে নির্দিষ্ট কোন যোগ্যতা বেঁধে দেয়া হয়নি। মতিঝিলে অবস্থিত এই কলেজের ফোন নম্বর : ৪০৫৬৮৯।

**ইসলামিক মহিলা মহা-বিদ্যালয় :** খিলজী রোড, মোহাম্মদপুর। মানবিক, বিজ্ঞান, বাণিজ্য ও ইসলামী শিক্ষায় ভর্তি চলছে। ফরম পাওয়া যাবে কলেজের অফিসে প্রতিদিন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। কলেজের ফোন নম্বর ৩১২৩০৩।

**তেজকুনীপাড়া হাইস্কুল এন্ড কলেজ :** তেজগাঁওস্থ এই কলেজে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় ছাত্রছাত্রী ভর্তি চলছে।

**মোহাম্মদপুর মহিলা মহা-বিদ্যালয় :** নূরজাহান রোড। মানবিক ও বাণিজ্যে ২য় বিভাগ পেলে ভর্তির আবেদন করা যাবে। ফরম দেয়া হচ্ছে প্রতিদিন সকাল ৮টা থেকে বেলা ২টা পর্যন্ত।

**টিএন্ডটি কলেজ :** মতিঝিলে অবস্থিত এই কলেজে ভর্তির ন্যূনতম যোগ্যতা ধরা হয়েছে ২য় বিভাগ (মানবিক ও বাণিজ্য শাখায়)। ৯ই সেপ্টেম্বর পর্যন্ত ভর্তি পরীক্ষার ফরম পাওয়া যাবে। কলেজের নৈশ শাখায় মানবিক ও বাণিজ্য বিভাগে বিকেল সাড়ে ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত সরাসরি ভর্তি হওয়া যাবে।

**সিদ্ধেশ্বরী কলেজ :** সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, মগবাজার। কলেজের দিবা শাখায় (ছাত্রদের জন্য) ১ম বিভাগ না পেলে ভর্তির আবেদন করা যাবে না। তবে প্রভাতি শাখায় মানবিক ও বাণিজ্য বিভাগে ছাত্রীরা ভর্তির আবেদন করতে পারবে এসএসসি'তে ২য় বিভাগ পেলে। ফরম দেয়া হচ্ছে প্রতিদিন সকাল [illegible] থেকে বেলা ২টা পর্যন্ত।

**ঢাকা রয়েল কলেজ :** কলেজ হতে বাণিজ্য ও মানবিক শাখায় ২য় বিভাগ পেলে ভর্তির ফরম সংগ্রহ করা যাবে।